

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০২.২০২২. ৬৪

তারিখ: ০২ ফাল্গুন ১৪২৯
২৫ ফেব্রুয়ারি ২০২৩

দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ


যেহেতু, আপনি জনাব এ.আই.এম শরীফ হোসেন (৯২৬৩), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর প্রবাসী মা ও বোনের পরিবারের সাথে সাক্ষাতের উদ্দেশ্যে ১১/০১/২০১৯ খ্রিস্টাব্দ হতে ০৮/০৪/২০১৯ তারিখ পর্যন্ত ৮৮ (আটাশ) দিন অর্ধগড় বেতনে অর্জিত ছুটি নিয়ে মার্কিন যুক্তরাষ্ট্রে গমনের জন্য বহিঃবাংলাদেশের ছুটি প্রাপ্ত হয়ে ১৩/০১/২০১৯ খ্রিস্টাব্দে মার্কিন যুক্তরাষ্ট্রের উদ্দেশ্যে কর্মস্থল ত্যাগ করেন। উক্ত ছুটির মেয়াদ শেষ হওয়া সত্ত্বেও অদ্যাবধি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন;

যেহেতু, আপনি কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৭(২)(ঘ) অনুযায়ী আনীত অভিযোগ তদন্তের জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়;

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা কর্তৃক দাখিলকৃত তদন্ত প্রতিবেদনে আপনার বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে মর্মে মতামত প্রদান করা হয়;

যেহেতু, নথিপত্র পর্যালোচনায় এবং তদন্ত প্রতিবেদনের প্রদত্ত মতামতের আলোকে আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় উক্ত অভিযোগে দোষী সাব্যস্ত করে আপনাকে গুরুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়;

সেহেতু, আপনি জনাব এ.আই.এম শরীফ হোসেন (৯২৬৩), সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) ও ৩ (গ) অনুযায়ী “অসদাচরণ” ও “পলায়ন” এর অভিযোগ প্রমাণিত হওয়ায় কেন উক্ত বিধিমালার ৪(৩)(ঘ) অনুসারে আপনাকে “চাকুরি হতে বরখাস্তকরণ (Dismissal from Service)” দণ্ড বা অন্য কোন দণ্ড দেয়া হবে না তার জবাব একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক কারণ দর্শানো নোটিশ প্রাপ্তির ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে লিখিতভাবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর দাখিল করার জন্য নির্দেশ দেয়া হলো। এতৎসঙ্গে তদন্তকারী কর্মকর্তা কর্তৃক প্রেরিত প্রতিবেদনের একটি কপিও যুক্ত করা হলো।


(সোলেমান খান)
সচিব

সংযুক্ত: প্রতিবেদন ০৩ (তিন) পাতা।

স্থায়ী ঠিকানা:

জনাব এ.আই.এম শরীফ হোসেন
পিতা: মরহুম রবিউল হোসেন
গ্রাম- ৮১, আবু তালেব সড়ক, পুরাতন কসবা
ডাকঘর: যশোর, থানা: কোতয়ালী, জেলা: যশোর।

বর্তমান ঠিকানা:


জনাব এ.আই.এম শরীফ হোসেন (৯২৬৩)
সহযোগী অধ্যাপক (অর্থনীতি), সরকারি মাইকেল মধুসূদন কলেজ, যশোর।

স্মারক নং- ৩৭.০০.০০০০.০৯৫.২৭.০২.২০২২. ৬৪/২(২)

তারিখ: ফাল্গুন ১৪২৯
ফেব্রুয়ারি ২০২৩

১। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।


(আবু সাঈদ মো: ফজলে এলাহী)
উপসচিব